



রূপগঞ্জ চাঁদা না পেয়ে ফার্মেসিতে হামলার অভিযোগ



ছবি: প্রতিনিধি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে চাঁদা দাবির টাকা না পেয়ে একটি ফার্মেসির মালিক ও কর্মচারীদের ওপর হামলা ও মারধরের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার রাত সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে। এতে ভুলতা তাঁতবাজার এলাকার ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

ভুক্তভোগী ভুলতা ড্রাগ হাউজের স্বত্বাধিকারী হাফেজ বাকী বিল্লাহ জানান, তিনি দীর্ঘদিন ধরে সুনামের সঙ্গে তাঁর ফার্মেসি পরিচালনা করে আসছেন। সম্প্রতি মর্ত্তজাবাদ গ্রামের নাছিমার ছেলে মাটি (২৮) ও তার সহযোগীরা “ঈদ বকশিশ” নামে চাঁদা দাবি করে আসছিল। ২১ মে রাত সাড়ে ১১টার দিকে মাটি ও তার দল দোকানে এসে মালিককে খুঁজতে থাকে। না পেয়ে তারা দোকানের কর্মচারীদের সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়ে।

এক পর্যায়ে দোকানে থাকা এসএসসি পরীক্ষার্থী মালিকের ছেলে মো. জুনায়েদ (১৭), কর্মচারী দিপু মোল্লা (২৬) ও নাসিমুর (২২)-কে মারধর করা হয় বলে অভিযোগ করা হয়েছে। হামলাকারীরা ধারালো অস্ত্র ও পিস্তল দেখিয়ে দোকানের মালামালও ক্ষতিগ্রস্ত করে। পরে ক্যাশ বাস্স থেকে ১ লাখ ২৫ হাজার টাকা নিয়ে যায় বলে দাবি করেন ভুক্তভোগী। আশপাশের লোকজন এগিয়ে এলে তারা হুমকি দিয়ে স্থান ত্যাগ করে। পরে আহতরা প্রাথমিক চিকিৎসা নেন।

এ বিষয়ে রূপগঞ্জ থানার ওসি এএইচ এম সালাহউদ্দিন জানান, অভিযোগ পাওয়ার পর তদন্ত শুরু হয়েছে। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে এবং জড়িতদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।